



খবর

# সাহিত্য অকাদেমির পূর্বাঞ্চলীয় কার্যালয়ে পুস্তক বিপণী ও নবসজ্জিত প্রেক্ষাগৃহের শুভ উদ্বোধন এবং কবিতা পাঠের আসর

জুন ১২, ২০২৫ / মেহের সেখ



*মেহের সেখঃ*

১১ জুন বুধবার সাহিত্য অকাদেমির পূর্বাঞ্চলীয় কার্যালয় কলকাতায় পুস্তক বিপণী ও নবসজ্জিত প্রেক্ষাগৃহের শুভ উদ্বোধন করলেন সাহিত্য অকাদেমির সভাপতি মাধব কৌশিক এবং রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী অধ্যাপক ব্রাত্য বসু (যিনি একইসঙ্গে সাহিত্য অকাদেমির বাংলা উপদেশক পর্ষদের আহ্বায়ক)। উপস্থিত ছিলেন সাহিত্য অকাদেমির সচিব ড. কে. শ্রীনিবাসরাও, কবি সুবোধ সরকার সহ বহু বিশ্বজন এবং সাহিত্যিক। ব্রাত্য বসু এবং মাধব কৌশিক দুজনেই এই পুস্তক বিপণীর বিশেষত্ব সম্পর্কে আলোকপাত করে বলেন যে এখানে ২৪টি ভারতীয় ভাষার বই পাওয়া যাবে যাদের একত্র সমাহার দুর্লভ। তাঁরা ভারতীয় সাহিত্যের এই অমূল্য সম্ভারের প্রতি পুস্তকপ্রেমীদের দৃষ্টি আকর্ষণ করেন। এরপর সাহিত্য অকাদেমির নবসজ্জিত প্রেক্ষাগৃহের উদ্বোধন প্রসঙ্গে ব্রাত্য বসু বলেন, ভারতীয় সাহিত্যের সম্ভার পাঠককূলের কাছে তুলে ধরার ক্ষেত্রে সাহিত্য অকাদেমির অবদান অতুলনীয়। সাহিত্য অকাদেমির সভাপতি মাধব কৌশিক তাঁর ভাষণে ভারতীয় সাহিত্যে বাংলা সাহিত্যের অসামান্য অবদানের কথা তুলে ধরেন। সাহিত্য অকাদেমির সচিব ড. কে. শ্রীনিবাসরাও তাঁর ভাষণে ভারতীয় সাহিত্যের প্রচার এবং প্রসারের ক্ষেত্রে সাহিত্য অকাদেমির বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন। এরপর আয়োজিত কবিতাসন্ধ্যায় বিশিষ্ট কবি অর্ণব সাহা, বিভাস রায়চৌধুরী, চৈতালী চট্টোপাধ্যায়, নির্মাল্য মুখোপাধ্যায় এবং শিবাশিস মুখোপাধ্যায় তাঁদের কবিতা পাঠ করেন। দর্শকের সঙ্গে তাঁদের পরিচয় করিয়ে দেন সভামুখ্য কবি সুবোধ সরকার। কবি সুবোধ সরকার তাঁর ভাষণে ভারতীয় সাহিত্যের তুলনামূলক আলোচনার কথা তুলে ধরেন। কবি সুবোধ সরকার এবং সাহিত্য অকাদেমির সভাপতি মাধব কৌশিকের কবিতার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানের শেষে সাহিত্য অকাদেমির পূর্বাঞ্চলীয় কার্যালয়ের ভারপ্রাপ্ত আধিকারিক ক্ষেত্রবাসী নায়ক সকলকে ধন্যবাদ জানান।

